

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-১৮

মে ০৬, ২০১০  
তারিখ :-----  
বৈশাখ ২৩, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

আমদানী অর্থাৎ সুদ হার নির্ধারণ প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে মে ১০, ২০০৯ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের মাধ্যমে নিত্য প্রয়োজনীয় পণ্যের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিতকরণকল্পে এবং রমজান মাসে এসব পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার নিমিত্তে ভোজ্য তেল (পরিশোধিত ও অপরিশোধিত), ছোলা, ডাল, মটর, পেঁয়াজ, মসলা, খেজুর, ফলমূল এবং চিনি আমদানী অর্থাৎ সুদের হার সর্বোচ্চ ১২% এ নির্ধারণ করা হয় যা বিদ্যমান রয়েছে। আসন্ন রমজানেও এসব পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার নিমিত্তে ভোজ্য তেল (পরিশোধিত ও অপরিশোধিত), ছোলা, ডাল, মটর, পেঁয়াজ, মসলা, খেজুর, ফলমূল এবং চিনি আমদানী অর্থাৎ সুদের হার সর্বোচ্চ ১২% বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

একই সাথে এ সকল পণ্য আমদানীর ক্ষেত্রে ধার্যকৃত চার্জ/ফি/কমিশন যৌক্তিক পর্যায়ে নির্ধারণের জন্যও পরামর্শ দেয়া যাচ্ছে।

সূত্রোক্ত সার্কুলারের অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এটি বলবৎ থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত  
(মোঃ সোহরাওয়ার্দী)  
মহাব্যবস্থাপক  
ফোন :৭১১৭৮২৫